ঝিনাইদহে পুলিশের বাঁধায় বিএনপির কালো পতাকা মিছিল পন্ড

ঝিনাইদহে পুলিশের বাঁধায় পন্ড হয়েছে বিএনপির কালোপতাকা মিছিল। কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে সকালে জেলা বিএনপির কার্যালয় চত্বরে বিভিন্ন উপজেলা থেকে দলীয় নেতাকর্মীরা জড়ো হওয়ার চেষ্টা করলে পুলিশ তাদের সরিয়ে দিয়ে কার্যালয়ের সামনে অবস্থান নেয়।

পরে দলীয় কার্যালয় থেকে নেতাকর্মীরা মিছিল বের করার চেষ্টা করলে পুলিশ তাদের বাঁধা দেয়। পুলিশের বাঁধায় মিছিল করতে না পেরে সেখানেই সমাবেশ করে তারা।

সেসময় বিএনপির খুলনা বিভাগীয় সহ-সাংগঠনিক সম্পাদক জয়ন্ত কুমার কুন্ডু, জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, সহ-সভাপতি কামাল আজাদ পান্নু, যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাসসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা দ্রব্যমুল্যের উর্দ্ধগতির প্রতিবাদ জানিয়ে ও বেগম খালেদা জিয়াসহ সকল নেতাকর্মীদের নামে মিথ্যা ও ষড়যন্ত মূলক মামলা প্রত্যাহার ও সংসদ নির্বাচন বাতিলের দাবী জানান।

কোটচাঁদপুর বিএনপির কালো পতাকা মিছিল

দ্রব্যমূল্যের সীমাহীন উর্ধ্বগতি, দেশনেত্রী বেগম খালেদা জিয়াসহ সকল রাজবন্দিদের মুক্তি, সকল মিথ্যা মামলা প্রত্যাহার ও অবৈধ সংসদ বাতিলসহ ১ দফা দাবিতে কোটচাদপুরে উপজেলা ও পৌর বিএনপি’র আয়োজনে কালো পতাকা মিছিল অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (৩০শে জানুয়ারি) বিকেলে পৌর শহরের মেইন বাসস্ট্যান্ড

উপজেলা বিএনপি দলিও কার্যালয়ের সামনে থেকে মিছিল টি বের হয়ে শহরের বিভিন্ন দিক প্রদক্ষিণ করে পাইকারি কাঁচা বাজারে গিয়ে শেষ হয়।

এ সময় উপস্থিত ছিলেন বিএনপি জাতীয় নির্বাহী কমিটির সহ তথ্য ও গবেষনা সম্পাদক আমিরুজ্জামান খান শিমুল,উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক, পৌর বিএনপির সাধারন সম্পাদক আবুল কাশেম, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক মীর্জা টিপু, উপজেলা বিএনপির দপ্তর সম্পাদক শহীদুল ভুইয়া, পৌর বিএনপির প্রচার সম্পাদক কাজী মোস্তাক, উপজেলা যুবদলের আহ্বায়ক আশরাফুজ্জামান খান মুকুল, সদস্য সচিব মাহফুজ আলম মামুন, পৌর যুবদলের আহ্বায়ক ফয়েজ আহমেদ তুফান, উপজেলা কৃষকদলের আহ্বায়ক রফিকুল ইসলাম ও সদস্য সচিব আবুল কাশেম বাবু, পৌর কৃষক দলের আহ্বায়ক কৃষিবিদ ফিরোজ উদ্দিন মানিক ও সদস্য সচিব মিজান সরকার, উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক কামরুজ্জামান সিদ্দিক, উপজেলা ছাত্র দলের সদস্য সচিব হুমায়ূন কবির হিরা, উপজেলা মৎসজীবি দলের সদস্য সচিব আজিম হোসেন, পৌর ছাত্র দলের সদস্য সচিব ফজলে রাব্বি, উপজেলা যুবদলের যুগ্ম-আহ্বায়ক শরিফুল ইসলাম শান্ত, রিয়ন আহমেদ, পৌর যুবদলের যুগ্ম আহ্বায়ক মনির হোসেন টুটুল, রিয়াজ হোসেন বেনজামিন, নাহিদ হোসেন টিপু, দোড়া ইউনিয়ন যুবদলের আহ্বায়ক ও সাবেক ইউপি সদস্য মুহিদুল ইসলাম, যুবদল নেতা ইমরান, সোহান, ফয়সল, উপজেলা ছাত্রদলের যুগ্ম-আহ্বায়ক জাহিদুল ইসলাম সোহেল, পৌর ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক সাইহাফ আল জাবির, কৃষকদল নেতা কামরুল, সাগর, আলফা প্রমুখ।

এ সময় উপজেলা ও পৌর বিএনপি এবং সকল অঙ্গ সংগঠনের নেতা-কর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুরে বিএনপির কালো পতাকা মিছিল

মেহেরপুরে দ্রব্যমূল্যের উর্ধ্ধগতি, সংসদ বাতিলসহ বিভিন্ন দাবিতে কালো পতাকা মিছিল করেছে বিএনপির নেতাকর্মীরা।

আজ শুক্রবার বিকাল ৫ টায় মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ের সামনে থেকে মিছিলটি বের হয়ে শহরের প্রধান-প্রধান সড়ক প্রদক্ষিণ করে সরকারি উচ্চ বালক বিদ্যালয় মাঠ প্রাঙ্গণে গিয়ে শেষ হয়। মিছিলে নেতৃত্বে দেন জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুন।

মিছিলে অন্যদের মধ্যে জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলামসহ বিএনপি ও এর অঙ্গ সংগঠন ও সহযোগী সংগঠনের সহস্রাধিক নেতা কর্মী কালো পতাকা মিছিলে অংশ নেন।

মেহেরপুরে জেলা আইনজীবী সমিতির নির্বাচনে বিএনপি পন্থীদের নিরঙ্কুশ বিজয়

মেহেরপুরে জেলা আইনজীবী সমিতির বার্ষিক নির্বাচন সম্পন্ন হয়েছে । নির্বাচনে ৯টি পদের মধ্যে সভাপতি, সাধারণ সম্পাদকসহ ৬টি পদে বিএনপিপন্থী আইনজীবী ফোরাম এবং ৩টি পদে আওয়ামীলীগ পন্থী আইনজীবী পরিষদ নির্বাচিত হয়েছেন।

আজ শুক্রবার দিনব্যাপী ভোটগ্রহন শেষে বিজয়ীদের নাম ঘোষণা করা হয়েছে ।

সভাপতি পদে (বিএনপি) মারুফ আহমেদ বিজন ৮৫ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন, সভাপতি পদে (আওয়ামী লীগ) গোলাম মোস্তফা পেয়েছেন ৪১ ভোট। সাধারণ সম্পাদক পদে এ এস এম সাইদুর রাজ্জাক ৮২ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন, আওয়মী প্যানেলের নাজমুল হুদা পেয়েছেন ৪৪ ভোট, সহ-সভাপতি পদে রফিকুল ইসলাম (বিএনপি) ৬৯ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন, আওয়ামী প্যানেলের নজরুল ইসলাম পেয়েছেন ৫৩ ভোট।

আওয়ামী প্যানেলে থেকে যুগ্ম সাধারণ সম্পাদক পদে শাহরিয়ার মাহমুদ ৬৪ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। বিএনপি প্যানেলের এহান উদ্দিন মনা

পেয়েছেন ৫৯ ভোট। আওয়ামী প্যানেল থেকে কোষাধক্ষ পদে রোকেয়া খাতুন ৬৩ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন, বিএনপি প্যানেলের সাইফুল ইসলাম পেয়েছেন ৬১ ভোট, আওয়ামী প্যানেল থেকে পাঠাগার ও সাংস্কৃতিক সম্পাদক পদে নাগিব মাহফুজ জুয়েল ৬৪ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন, বিএনপি প্যানেলেরশফিউল আযম খান বকুল পেয়েছেন ৫৮ ভোট, বিএনপি প্যানেল থেকে সিনিয়র সদস্য মোখলেছুর রহমান স্বপন ৭২ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন, আওয়ামী প্যানেলের আবুল হাসেম পেয়েছেন ৪৯ ভোট, বিএনপি প্যানেল থেকে কার্যনির্বাহী সদস্য আ ন ম আল মামুন অনল ৭৪ ভোট এবং তারিক আহমেদ ৬২ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন, আওয়ামী প্যানেল থেকে এস এম আমানুল্লাহ আল আমান ৫৩ ভোট এবং সাব্বির হোসেন শিশির পেয়েছেন ৬০ ভোট।

আজ শুক্রবার সন্ধ্যা ছয়টায় ভোট গণনা শেষ বিজয়ীদের নাম ঘোষণা করেন প্রধান নির্বাচন কমিশনার আইনজীবী বিমল কুমার বিশ্বাস।

আইনজীবী সমিতির ১৪১ জন ভোটারের মধ্যে ভোদ প্রদান করেন ১২৫ জন। এদিকে সকাল ৯টায় ভোটগ্রহণ শুরু হয় মেহেরপুর আইনজীবী সমিতির পুরাতন ভবনে। নামায ও মধ্যহু ভোজের বিরতি দিয়ে ভোট গ্রহণ করা বিকাল ৪টা পর্যন্ত। ভোটগ্রহণ উপলক্ষে মেহেরপুর কোর্ট এলাকায় উৎসবমুখর পরিবেশ সৃষ্টি হয়।

ঝিনাইদহে বিএনপির কালো পতাকা মিছিল ও সমাবেশ

দ্রব্যমুল্যের উর্দ্ধগতির প্রতিবাদ, বেগম খালেদা জিয়াসহ সকল নেতাকর্মীদের নামে মিথ্যা মামলা প্রত্যাহার ও সংসদ বাতিলের দাবীতে ঝিনাইদহে কালো পতাকা মিছিল ও সমাবেশ করেছে বিএনপি।

আজ শুক্রবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাবের সামনে থেকে জেলা বিএনপির পক্ষ থেকে একটি মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে মর্ডান মোড়ে গিয়ে শেষ হয়। এতে জেলা বিএনপি, উপজেলা বিএনপিসহ অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা অংশ নেয়। পরে মর্ডান মোড়ে সমাবেশ অনুষ্ঠিত হয়।

সেসময় জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, সদর উপজেলা বিএনপির সভাপতি এ্যাড. কামাল আজাদ পান্নুসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, বিএনপির নেতাকর্মীদের নামে সকল মামলা প্রত্যাহার, বেগম খালেদা জিয়ার নিঃশর্ত মুক্তি ও বর্তমান সংসদ বাতিল করার দাবী জানান।

মেহেরপুর জেলা বিএনপি আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৮৮তম জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (২০ জানুয়ারি) বিকেলে মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ের সামনে এ আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা বিএনপি’র সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের সভাপতিত্বে উপস্থিত ছিলেন জেলা বিএনপি সহ-সভাপতি আব্দুর রহমার, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা বিএনপির সিনিয়র নেতৃবৃন্দ সহ সকল অঙ্গ সহযোগী সংগঠনের নেতৃবৃন্দরা।

মেহেরপুর জেলা আইনজীবী সমিতি নির্বাচনে মনোনয়নপত্র জমা

সম্পন্ন

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির আসন্ন নির্বাচনে আওয়ামী আইনজীবী পরিষদ ও জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের সদস্যরা পূর্ণ প্যানেলে মনোনয়নপত্র জমা দিয়েছেন।

আজ সোমবার মনোনয়নপত্র দাখিলের শেষ দিনে আওয়ামী আইনজীবী পরিষদের সভাপতি পদে এডভোকেট গোলাম মোস্তফা এবং সাধারণ সম্পাদক পদে অ্যাডভোকেট নাজমুল হুদা, সহ-সভাপতি পদে নজরুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক পদে শাহরিয়ার মাহামুদ শাওন, কোষাধক্ষ পদে রোকেয়া খাতুন, লাইব্রেরী ও সাংস্কৃতিক সম্পাদক পদে নাগিব মহাফুজ জুয়েল, সিনিয়র সদস্য পদে আবুল হাসেম এবং সদস্য পদে এসএম আমানুল্লাহ আল আমান ও সাব্বির হোসেন শিশির নির্বাচন পরিচালনা কমিটির প্রধান অ্যাডভোকেট বিমল কুমার বিশ্বাসের কাছে মনোনয়নপত্র জমা দেন।

এসময় পিপি পল্লব ভট্টাচার্য, অ্যাডভোকেট খন্দকার একরামুল হক হীরা, অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, অ্যাডভোকেট শফিকুল আলম, অ্যাডভোকেট খন্দকার আব্দুল মতিন, এডভোকেট খ ম ইমতিয়াজ বিন হারুন জুয়েল, অ্যাডভোকেট এসএম আমানুল্লাহ আল আমান উপস্থিত ছিলেন।

অপর দিকে, জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের সভাপতি পদে মারুফ আহমেদ বিজন এবং সাধারণ সম্পাদক পদে এএস এম সাইদুল রাজ্জাক সাদ্দাম, সহ-সভাপতি পদে রফিকুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক পদে এহান উদ্দিন মনা, কোষাধ্যক্ষ পদে সাইফুল ইসলাম, লাইব্রেরী ও সাংস্কৃতিক সম্পাদক পদে শফিউল আজম খান বকুল, সিনিয়র সদস্য পদে মোখলেসুর রহমান স্বপন এবং সদস্য পদে আল মামুন অনল ও তারিক আহমেদ নির্বাচন পরিচালনা কমিটির প্রধান অ্যাডভোকেট বিমল কুমার বিশ্বাসের কাছে মনোনয়নপত্র জমা দেন।

এসময় আইনজীবী সমিতির বর্তমান সভাপতি এডভোকেট কামরুল হাসান, আবু সালেহ মোঃ নাসিম, আফরোজা বেগম ফাতেমা প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে বিএনপির ও অঙ্গ - সংগঠনের লিফলেট বিতরণ

দ্বাদশ জাতীয় নির্বাচন প্রত্যাখ্যান করে মেহেরপুরে গণসংযোগ কর্মসূচি পালন করেছে বিএনপি। রবিবার (১৪ জানুয়ারি) কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে দলটির নেতাকর্মীরা এ কর্মসূচি পালন করেন।

রবিবার সকাল ৯ টার সময় বড়বাজার কাঁচাবাজার এলাকায় জেলা বিএনপি ও সহযোগী অংক সংগঠনের নেতাকর্মীরা এবং সকাল ১১ টার দিকে শহরের কোর্টমোড় এলাকায় জেলা জাতীয়তাবাদী মহিলা দলের উদ্যোগে সড়কে থাকা সাধারণ মানুষ ও ব্যবসা প্রতিষ্ঠানে লিফলেট বিতরণ করা হয়।

মেহেরপুরে আইনজীবীদের আদালত বর্জন

লুণ্ঠিত ভোটাধিকার পুনরুদ্ধার, গণতন্ত্র ও আইনের শাসন প্রতিষ্ঠা এবং বিচারের নামে অবিচার বন্ধের দাবিতে মেহেরপুরে আদালত বর্জন কর্মসূচি শুরু হয়েছে। কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে সাত দিনব্যাপী আদালত বর্জন কর্মসূচি পালন করছে ইউনাইটেড লয়ার্স ফ্রন্ট ও জাতীয়তাবাদী আইনজীবী সমিতি।

ইংরেজি নববর্ষের প্রথম দিন সোমবার (১ জানুয়ারি) সকাল থেকে তারা এ কর্মসূচি পালন শুরু করেছেন। আগামী ৭ জানুয়ারি পর্যন্ত আইনজীবীরা মেহেরপুরের জেলা ও দায়রা জজ আদালত এবং চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের কোন মামলার শুনানিতে অংশ নেবেন না।

আজ দুপুর পৌনে একটার সময় মেহেরপুর জেলা আইনজীবী ভবনের সামনে অনুষ্ঠিত এক সংক্ষিপ্ত সমাবেশ শেষে বক্তব্য রাখেন মেহেরপুর বারের সভাপতি এডভোকেট কামরুল হাসান সহ আইনজীবী ফোরামের নেতৃবৃন্দ।

বিএনপিপন্থী আইনজীবী মোখলেসুর রহমান স্বপন বলেন, ‘সমস্ত বিচারিক আদালত আমরা সফলভাবে বর্জন করেছি। এর একটাই কারণ আমি এবং আমরা যে

নির্বাচন হতে যাচ্ছে প্রতিহত এবং প্রতিবাদ জানাচ্ছি। আইনের শাসন ও ন্যায় বিচার প্রতিষ্ঠার জন্য আদালত বর্জনের মাধ্যমে আমরা একটা মেসেজ দিতে চেয়েছি, এবং সেই মেসেজ আমরা দিয়েছি।’

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির সভাপতি এডভোকেট কামরুল হাসান বলেন, ‘সাত দিনব্যাপী অসহযোগ আন্দোলনের অংশ হিসেবে আমরা শান্তিপূর্ণভাবে আদালত বর্জনের কর্মসূচি পালন করছি।আগামী ছয় দিনেও আমরা আদালতের কোন ধরনের শুনানিতে অংশ নেব না। ৭ তারিখের ভোট বর্জনের জন্য আমরা লিফলেট বিতরণ করব এবং মাঠে থাকবো। ‘

এর আগে গত রবিবার মেহেরপুর জেলা আইনজীবী সমিতির হলরুমে বিএনপিপন্থী আইনজীবীদের এক সভায় সারা দেশের আদালত বর্জন কর্মসূচিতে একাত্মতা প্রকাশ করা হয়।

উল্লেখ্য গত ২৭ ডিসেম্বর সুপ্রিম কোর্ট বার ভবনে এক সংবাদ সম্মেলনে জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের মহাসচিব ও বিএনপির কেন্দ্রীয় কমিটির আইনবিষয়ক সম্পাদক ব্যারিস্টার কায়সার কামাল ১ থেকে ৭ জানুয়ারি সারা দেশের আদালত বর্জন কর্মসূচির ঘোষণা করেন।

ভোট বর্জনের আহ্বানে ঝিনাইদহে বিএনপি’র লিফলেট বিতরণ

এক দফা দাবি আদায়ে বিএনপি’র অসহযোগ আন্দোলনে জাতীয় সংসদ নির্বাচন বর্জনের আহ্বানে ঝিনাইদহে বিএনপি লিফলেট বিতরণ করেছে।

শনিবার সকালে কালীগঞ্জ উপজেলা বিএনপির’ আয়োজনে বানুড়িয়া বাজার এলাকায় সাধারণ মানুষের মাঝে এ লিফলেট বিতরণ কর্মসূচি পালন করা হয়। সেসময় কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক দলের সিনিয়র যুগ্ম সম্পাদক সাইফুল ইসলাম ফিরোজ, উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক শহিদুল ইসলাম সাইদুল, ইলিয়াসুর রহমান মিঠুসহ অন্যান্য নেতৃবৃন্দ অংশ নেয়। তারা বিভিন্ন হাট বাজার, দোকানপাটে গিয়ে সাধারণ ভোটার ও মানুষের অবৈধ ভোট বর্জনে আহবান জানান ও লিফলেট বিতরণ করেন।